

আজ শুরু এসএসসি পরীক্ষা

যাযাদি রিপোর্ট

আজ সারাদেশে সৃজনশীল প্রশ্ন পদ্ধতিতে এসএসসি, দাখিল ও এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা শুরু হচ্ছে। প্রথম দিন বাংলা প্রথমপত্র পরীক্ষা হবে এবং ৪ মার্চ পর্যন্ত চলবে। ৫ মার্চ থেকে ব্যবহারিক পরীক্ষা শুরু হবে। মাদ্রাসায় দাখিল পরীক্ষাও একই দিনে শুরু এবং শেষ হবে। তবে মাদ্রাসায় ১২ মার্চের মধ্যে ব্যবহারিক পরীক্ষা শেষ করতে হবে। কারিগরি বোর্ডের এসএসসি (ভোকেশনাল) ব্যবহারিক পরীক্ষা শেষ হবে ১৬ মার্চ। পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মধ্যে পরীক্ষার ফলাফল ঘোষণা করা হবে।

এবারে ১০টি শিক্ষা বোর্ডের অধীনে দেশের ২৬ হাজার ৮৫৫টি শিক্ষাপ্রতিষ্ঠানের ১৪ লাখ ২০ হাজার ৫৭ জন শিক্ষার্থী অংশগ্রহণ করছে। এরমধ্যে ছাত্র সাত লাখ ৩৫ হাজার ২২৯জন ও ছাত্রী ছয় লাখ ৮৪ হাজার ৮২৮ জন। এ বছর ছাত্রী পরীক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির পাশাপাশি গড় বছরের তুলনায় পরীক্ষার্থী : পুষ্টি ২ কলাম

পরীক্ষা : এসএসসি

(প্রথম পত্রের পর)

পরীক্ষার্থী সংখ্যা বেড়েছে এক লাখ পাঁচ হাজার ৫৫ জন। সকাল ১০টায় শিক্ষার্থীরা নুরুল ইসলাম নাইদ খানমন্ডি গার্লসমেট বয়েজ হাইস্কুল পরীক্ষা কেন্দ্রে পরিদর্শন করবেন।

শিক্ষা মন্ত্রণালয় ও বিভিন্ন শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, সারাদেশে দুই হাজার ৪৬৪টি কেন্দ্রে এসএসসি ও সমমান পরীক্ষা অনুষ্ঠিত হবে। বাংলা বিত্তীয়পত্র, ইংরেজি প্রথমপত্র, ইংরেজি বিত্তীয়পত্র, গণিত বিষয় ছাড়া বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার ২১টি বিষয়ে সৃজনশীল প্রশ্ন পদ্ধতিতে শিক্ষার্থীরা পরীক্ষা দেবে।

আটটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় ১৫ হাজার ৯৩০টি শিক্ষাপ্রতিষ্ঠানের ১০ লাখ ৫২ হাজার ৯৬৯ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করছে। এরমধ্যে ছাত্র পাঁচ লাখ ২০ হাজার ১৫১ জন ও ছাত্রী পাঁচ লাখ ৩২ হাজার ৮১৮ জন।

ঢাকা শিক্ষা বোর্ডে তিন লাখ ২৪ হাজার ৯১৮ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করছে। এরমধ্যে ছাত্র এক লাখ এক হাজার ৫১ জন ও ছাত্রী এক লাখ ৬৩ হাজার ৮৬৭ জন। রাজশাহীতে পরীক্ষার্থীর সংখ্যা এক লাখ ৩২ হাজার ৫৬৩ জন। এরমধ্যে ছাত্র ৬৯ হাজার ২৭০ জন ও ছাত্রী ৬৩ হাজার ২৯৩ জন। কুমিল্লায় পরীক্ষার্থীর সংখ্যা এক লাখ ২৮ হাজার ৯৯৫ জন। এরমধ্যে ছাত্র ৫৯ হাজার ৫৫৭ জন ও ছাত্রী ৬৯ হাজার ৪৩৮ জন। যশোর বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা এক লাখ ৩৩ হাজার ৪১১ জন। এরমধ্যে ছাত্র ৬৮ হাজার ৫১৯ জন ও ছাত্রী ৬৪ হাজার ৮৯২ জন। চট্টগ্রাম বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা ৮৫ হাজার ৯৩৭ জন। এরমধ্যে ছাত্র ৪০ হাজার ৪৯ জন ও ছাত্রী ৪৫ হাজার ৮৮৮ জন। বরিশালে পরীক্ষার্থীর সংখ্যা ৬৩ হাজার ৭০৫ জন। এরমধ্যে ছাত্র ৩১ হাজার ৬১৩ জন ও ছাত্রী ৩২ হাজার ৯২ জন। সিলেটে পরীক্ষার্থীর সংখ্যা সাত ৫৮ হাজার ১ হাজার ১০৯ জন ও ছাত্রী ৩২ হাজার ৫৯১ জন। দিনাজপুর বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা এক লাখ ২৪ হাজার ৯৪০ জন। এরমধ্যে ছাত্র ৬৪ হাজার ১৮৩ জন ও ছাত্রী ৬০ হাজার ৭৫৭ জন।

পাবনা পরীক্ষায় নয় হাজার ১৯৭টি মাদ্রাসার মোট পরীক্ষার্থীর সংখ্যা দুই লাখ ৭৫ হাজার ৯৩০ জন। এরমধ্যে ছাত্র এক লাখ ৪৮ হাজার ৮৭৮ জন ও ছাত্রী এক লাখ ৭৫ হাজার ৯৩০ জন।

এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় দুই হাজার ৪৬৪টি কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানের মোট পরীক্ষার্থী ১১ হাজার ১৫৮ জন এরমধ্যে ছাত্র ৬৬ হাজার ২০০জন ছাত্রী ২৪ হাজার ৯৫৮ জন।

এ ছাড়া ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে বিদেশে সাতটি কেন্দ্রে থেকে ২৭৪ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করবে। কেন্দ্রগুলো হলো জেদ্দা, রিয়াদ, আবুধাবী, দুবাই, কাতার, বাহরাইন, ত্রিপুরা।

পরীক্ষার রুটিন : প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত পরীক্ষা তিন ঘণ্টাব্যাপী পরীক্ষা অনুষ্ঠিত হবে। এসএসসির প্রথম দিন বাংলা (আবশ্যিক) প্রথমপত্র/সহজ বাংলা প্রথমপত্র/বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি প্রথমপত্র পরীক্ষা অনুষ্ঠিত হবে। ২ ফেব্রুয়ারি বাংলা বিত্তীয়পত্র/সহজ বাংলা বিত্তীয়পত্র/বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি বিত্তীয়পত্র। ৬ ফেব্রুয়ারি ইংরেজি (আবশ্যিক) প্রথমপত্র, ৮ ফেব্রুয়ারি ইংরেজি (আবশ্যিক) বিত্তীয়পত্র, ১২ ফেব্রুয়ারি গণিত (আবশ্যিক), ১৪ ফেব্রুয়ারি সাধারণ বিজ্ঞান/সামাজিক বিজ্ঞান, ১৬ ফেব্রুয়ারি ইসলাম শিক্ষা/হিন্দু ধর্মশিক্ষা, বৌদ্ধ ধর্মশিক্ষা, খ্রিস্ট ধর্মশিক্ষা, ১৯ ফেব্রুয়ারি পদার্থ বিজ্ঞান/ ইতিহাস/ ব্যবসায় পরিচিতি, ২২ ফেব্রুয়ারি জীববিজ্ঞান (তত্ত্বীয়)/ অর্থনীতি ২৩ ফেব্রুয়ারি হিসাববিজ্ঞান, ২৬ ফেব্রুয়ারি উচ্চতর গণিত, ২৮ ফেব্রুয়ারি রসায়ন/ পৌরনীতি/ ব্যবসায় উদ্যোগ, ১ মার্চ ভূগোল/ বাণিজ্যিক ভূগোল, ৪ মার্চ বাংলা ভাষা ও সাহিত্য, ইংরেজি ভাষা ও সাহিত্য, গার্বহা অর্থনীতি (তত্ত্বীয়), কৃষিশিক্ষা (তত্ত্বীয়) এবং সঙ্গীত (তত্ত্বীয়)। এ পরীক্ষাজলো সন্ধ্যা হবে আরবি, সংস্কৃত, পালি, কর্মমুখী শিক্ষা (তত্ত্বীয়), কম্পিউটার শিক্ষা (তত্ত্বীয়), শারীরিক শিক্ষা (তত্ত্বীয়), বেসিক ট্রেড (তত্ত্বীয়), চারু ও কারুকলা (তত্ত্বীয়)। ৫ মার্চ সকাল ১০টায় সঙ্গীত বিষয়ের ব্যবহারিক পরীক্ষা। ৬ ও ৮ মার্চ মাদ্রাসা বোর্ডের অধীন দাখিল পরীক্ষা প্রতিদিন সকাল ১০টা থেকে ১টা পর্যন্ত চলবে। ১ ফেব্রুয়ারি বাংলা, ২ ফেব্রুয়ারি কোরআন মাজিদ ও তাজবিদ, ৬ ফেব্রুয়ারি হাদিস, ৮ ফেব্রুয়ারি ফিকহ ও উসুলুল ফিকহ, ১২ ফেব্রুয়ারি আরবি প্রথমপত্র, ১৪ ফেব্রুয়ারি আরবি বিত্তীয়পত্র, ১৬ ফেব্রুয়ারি ইংরেজি, ১৯ ফেব্রুয়ারি ইসলামের ইতিহাস, ২২ ফেব্রুয়ারি সাধারণ গণিত/ তাজবিদ নসর ও নযম (মুজাক্কিদ)/ তাজবিদ (হিফজুল কোরআন গ্রুপ), ২৩ ফেব্রুয়ারি পৌরনীতি/ মানসিক/ কৃষিশিক্ষা/ (তত্ত্বীয়), গার্বহা অর্থনীতি (তত্ত্বীয়), উচ্চতর গণিত (তত্ত্বীয়)/ উর্দু/ ফার্সি/ কম্পিউটার শিক্ষা (তত্ত্বীয়), ২৬ ফেব্রুয়ারি সামাজিক বিজ্ঞান/জীববিজ্ঞান, ১ মার্চ পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়), ৪ মার্চ রসায়ন (তত্ত্বীয়)। বেসিক ট্রেডসহ সব বিষয়ের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা হবে ১২ মার্চ পর্যন্ত প্রতিদিন সকাল ১০টায়।